

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ প্রতিবেশীকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা ঈমানের অন্তর্ভূক্ত - এই মর্মে হাদীস

ذِكْنُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ مُجَانَبَةَ الرَّجُلِ أَذَى جِيرَانِهِ مِنَ الْإِيمَانِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ الْحَسَنِ بْنِ عَبْدِ الْجَبَّارِ حَدَّثَنَا أَبُو نَصْرِ التَّمَّارُ حَدَّثَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ وَحُمَيْدٍ وَذَكَرَ الصُّوفِيُّ آخَرَ مَعَهُمَا: عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ عَنْ يُونُسَ بْنِ عُبَيْدٍ وَحُمَيْدٍ وَذَكَرَ الصُّوفِيُّ آخَرَ مَعَهُمَا: عَنْ أَنسِ بْنِ مَالِكٍ أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ: (الْمُؤْمِنُ مَنْ أَمِنَهُ النَّاسُ وَالْمُسْلِمُ مَنْ سَلِمَ الْمُسْلِمُونَ مِنْ لِسَانِهِ وَيَدِهِ وَالْمُهَاجِرُ مَنْ هَاجَرَ السُّوءَ وَالَّذِي نَفْسِي بِيَدِهِ لَا يَدْخُلُ الجنة عبد لا يأمن جاره بوائقه.)

الراوي: أنس بن مَالِكِ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 510 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

باب الجار প্রতিবেশী সম্পর্কে

৫১০. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "মুমিন ঐ ব্যক্তি যার থেকে মানুষ নিরাপদ থাকে, মুসলিম ঐ ব্যক্তি যার জবান ও হাত থেকে মুসলিমগণ নিরাপদ থাকেন এবং মুহাজির ঐ ব্যক্তি যিনি মন্দ কাজ পরিত্যাগ করেন। ঐ সন্তার কসম, যার হাতে আমার প্রাণ, ঐ ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না যার অনিষ্ট থেকে তার প্রতিবেশী নিরাপদ থাকে না।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/১৫৪; হাকিম: ১/১১; আদাবুল মুফরাদ: ৬০১৬; সহীহ মুসলিম: ৪৬।



হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৪৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন